

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ৫৪

## শিক্ষার্থীদের নিরাপদ ইন্টারনেট ও তথ্য প্রযুক্তির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

ময়মনসিংহ (২৪ মে, ২০২৩ খ্রি.):

ময়মনসিংহ বিভাগীয় কমিশনার কার্যালয়ের আয়োজনে বুধবার শিক্ষার্থীদের মাঝে ‘নিরাপদ ইন্টারনেট ও তথ্য প্রযুক্তির ব্যবহার’ বিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

ময়মনসিংহের বিভিন্ন স্কুল, কলেজের শিক্ষার্থীদের ইন্টারনেট ও তথ্য প্রযুক্তির ব্যবহারে সচেতনতা সৃষ্টিতে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলনকক্ষে উক্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিভিন্ন পর্যায়ে উপস্থিত শিক্ষার্থীদের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য প্রযুক্তির নিরাপদ ব্যবহার বিষয়ে ধারণা দেওয়া হয়। ইন্টারনেট সুরক্ষার ক্ষেত্রে সন্দেহজনক লিংকে প্রবেশ না করা, টু-ফ্যাক্টর অথেনটিকেশন চালু, শক্তিশালী পাসওয়ার্ড ও এন্টিভাইরাস ব্যবহার এবং সেইফ ব্রাউজিং ব্যবহার নিশ্চিতকরণে আলোকপাত করা হয়। এছাড়াও শিক্ষার্থীদের চ্যাটজিপিটি ও গুগল বার্ড অ্যাপস ব্যবহারের সুবিধা-অসুবিধার ধারণা দেওয়া হয়।

উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস। প্রধান অতিথি নিরাপদ ইন্টারনেট ব্যবহারে শিক্ষার্থীদের সচেতনতার আহ্বান জানান। তিনি বলেন, বর্তমান প্রতিযোগিতামূলক শিক্ষা ব্যবস্থার যুগে শিক্ষার্থীদের ধৈর্য ও কষ্ট করার মানসিকতা থাকতে হবে। একইসাথে নিজের প্রতি নিয়ন্ত্রণ রাখতে হবে।

বিভাগীয় কমিশনার আরো বলেন, দেশের উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে চতুর্থ শিল্প বিপ্লবের যুগে নিজের আরো স্মার্ট হিসেবে গড়ে তুলতে হবে। যার যার অবস্থান থেকে নিজেদের দায়িত্ব পালন করতে হবে। সবাইকে স্মার্ট সিটিজেন হিসেবে আত্মপ্রকাশ করতে হবে। অনুষ্ঠানের শেষাংশে শিক্ষার্থীদের ইন্টারনেট ব্যবহারে সচেতনতা সৃষ্টিতে প্রশিক্ষণের অংশ হিসেবে বাস্তবমুখী দুইটি ক্লাসের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে স্থানীয় সরকার বিভাগের পরিচালক ফরিদ আহমদ, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মো. আনোয়ার হোসেনসহ বিভাগীয় কমিশনার কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

#

রেজভী/মনির/রিদওয়ান/দেওয়ান/সজিব/২০২৩/১৪:০০ ঘণ্টা